

বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট

বিষয় পরিবর্তন (আসন শূন্য থাকা সাপেক্ষে) শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের কেবল মানবিক শাখার যে সব শিক্ষার্থীকে কলেজ ও বিষয় মনোনয়ন দেয়া হয়েছে শুধু তারাই বিষয় পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে। মেধাক্রমের ভিত্তিতেই বিষয়-পরিবর্তন হবে। শিক্ষার্থীদের আগামী ০২/০২/২০১৮ তারিখ রাত ৯.০০ টা থেকে ০৫/০২/২০১৮ তারিখ দুপুর ২.০০টা পর্যন্ত online-এ আবেদন করতে হবে।

উল্লেখ থাকে যে, কোনো অবস্থাতেই কলেজ পরিবর্তন করা যাবে না। এইচ.এস.সি/সম্মান পর্যায়ে মানবিক শাখায় অধ্যয়ন করেছে এমন সংশ্লিষ্ট শিক্ষার্থীরাই কেবল বিষয়-পরিবর্তন প্রক্রিয়ায় অংশ নেবে। কেবল একই কলেজভুক্ত বিভিন্ন বিষয়ের মধ্যে বিষয়-পরিবর্তন প্রক্রিয়া চালু থাকবে।

কোনো শিক্ষার্থী বিষয়-পরিবর্তন প্রক্রিয়ায় অংশগ্রহণ করলে এবং সেই শিক্ষার্থী বিষয় পরিবর্তনের সুযোগ পেলে তাকে পরিবর্তিত বিষয়েই অধ্যয়ন করতে হবে।

একজন শিক্ষার্থী যে কয়টি বিষয়ে অধ্যয়নের যোগ্য তার সবকটি বা তার চেয়ে কম সংখ্যক বিষয় পছন্দের জন্য নির্ধারণ করতে পারবে।

বিষয়-পরিবর্তনের পছন্দক্রম চূড়ান্ত হলে “Final Submission” বাটনে ক্লিক করতে হবে, তা না হলে বিষয়-পরিবর্তনের আবেদন কার্যকর হবে না।

বিষয়-পরিবর্তন প্রক্রিয়ায় যারা অংশগ্রহণ করবে না তাদের বর্তমান মনোনীত বিষয়ই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ

ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট